

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৭৫

আগরতলা, ১৭ জানুয়ারি, ২০২৫

পুলিশ সপ্তাহ উদযাপন

চিত্র ও কারুশিল্প প্রদর্শনীর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী



পুলিশ সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা  
আজ রবীন্দ্র শতবর্ষিকী ভবনে এক চিত্র ও কারুশিল্প প্রদর্শনীর উদ্বোধন করেন।  
৭দিনব্যাপী এই প্রদর্শনীতে পুলিশের জওয়ান ও তাদের পরিবারের দ্বারা অঙ্কিত  
চিত্র ও কারুশিল্প প্রদর্শিত হয়। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা প্রদর্শনীটি  
ঘুরে দেখেন এবং পুলিশের এই উদ্যোগের প্রশংসা করেন। পরে সাংবাদিকদের  
সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী ডা. সাহা বলেন, এই প্রদর্শনীতে পুলিশের  
জওয়ান ও তাদের পরিবারের প্রতিভার চিত্র ফুটে উঠেছে। সারা বছর নিজেদের  
কর্তব্য পালনের পাশাপাশি এ ধরনের উৎকর্ষতা নিশ্চয়ই প্রশংসার দাবি রাখে।  
পুলিশ ও তাদের পরিবারের এ ধরনের শিল্প ও কারুশিল্পের পারদর্শিতা সকলকে  
অবগত করার লক্ষ্যে এই ধরনের উদ্যোগকে বড় পরিসরে নিয়ে যাওয়ার জন্য  
বলেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে এছাড়াও রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন  
সহ পুলিশ প্রশাসনের অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*